রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মার্চ ২৮, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/২১ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১৬.০০.০০০০.০০৩.৪০.০১১.২২-৪৩০**—হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ এর বিধি ২৫ (ঘ) এ প্রদত্ত ক্ষমতাবলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত **"সমন্বিত হজ চিকিৎসক টিমের দায়িত্ব ও প্রশিক্ষণ নির্দেশিকা"** জারি করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে। সময়, বাস্তবতা ও প্রয়োজনীয়তার নিরিখে এ নির্দেশিকা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও সংশোধন করার এখতিয়ার ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সংরক্ষণ করে।

২.০ **উদ্দেশ্য:** হজের সময়ে মক্কা, মদিনা, জেদ্দা এবং মিনার তাঁবুতে হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্তে গঠিত সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্যদের দায়িত্ব-কর্তব্য অবহিতকরণ এবং অর্পিত দায়িত্ব পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।

৩.০ **সমন্বিত হজ চিকিৎসক টিম:**

৩.১ সমন্বিত হজ চিকিৎসক টিমে অন্তর্ভুক্ত সদস্যগণ হজযাত্রী এবং হজ কার্যক্রমে সংশ্লিষ্টদের চিকিৎসা সেবা প্রদান করবেন। এ টিমের সদস্য হিসেবে সৌদি আরব গমনের উদ্দেশ্য 'হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদান'।

৩.২ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ মৌসুমে সৌদি আরবে বাংলাদেশের হাজীদের চিকিৎসা সেবা প্রদানের উদ্দেশ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সরকারি হাসপাতাল, ইসলামিক মিশন হাসপাতাল, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এবং সরকারি কর্মচারী হাসপাতালের ডাক্তার, নার্স, ব্রাদার্স, ল্যাব টেকনিসিয়ান এবং ওটি এসিসটেন্ট এর সমন্বয়ে সমন্বিত হজ চিকিৎসক টিম গঠন করে সৌদি আরবে প্রেরণ করবে। সরকার বিশেষ প্রয়োজনে অন্য কোন চিকিৎসা প্রতিষ্ঠান হতেও এ টিমে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।


**মূল্য :** টাকা ৮·০০

৩.৩ সমন্বিত হজ চিকিৎসক টিমে (প্রতি পর্বে) একজন দলনেতা এবং দুইজন উপ-দলনেতা থাকবেন। দলনেতাকে পূর্বে হজ টিমের সদস্য হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। উপ-দলনেতা অবশ্যই দলনেতার চেয়ে নিম্ন পদমর্যাদার হবেন। দলনেতা ও উপদলনেতা ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্ধারণ করবে।

৩.৪ সমন্বিত হজ চিকিৎসক টিমে পর্যাপ্ত সংখ্যক জেনারেল প্রাকটিশনার, মেডিসিন বিশেষজ্ঞ, কার্ডিওলজিস্ট, গাইনোকোলজিস্ট, চক্ষু বিশেষজ্ঞ, ডেন্টিস্ট, নিউরো মেডিসিন বিশেষজ্ঞ, মানসিক রোগ বিশেষজ্ঞ, নাক-কান ও গলা বিশেষজ্ঞ, এনড্রোক্রাইনোলজিস্ট, বক্ষব্যাধি বিশেষজ্ঞসহ প্রয়োজনীয় চিকিৎসক নিয়োগ করতে হবে।

৩.৫ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জেদ্দা, মক্কা ও মদিনায় দায়িত্ব পালনের জন্য অফিস আদেশ জারী করবে। অফিস আদেশ মোতাবেক নির্ধারিত কর্মস্থলে যেতে অনিচ্ছুক সদস্যের নিয়োগ বাতিল বলে গণ্য করা হবে।

৩.৬ টিমের সদস্যগণ মক্কা, মদিনা, জেদ্দা এবং মিনা, আরাফাহ, মুযদালিফায় কাউন্সেলর (হজ) এর তত্ত্বাবধানে মেডিকেল টিমের টিম লিডারের অধীনে দায়িত্ব পালন করবেন।

৩.৭ কাউন্সেলর (হজ) প্রযোজ্যক্ষেত্রে প্রশাসনিক টিমের দলনেতার সভাপতিত্বে অনুষ্ঠিত সভাসমূহে সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা ও উপ-দলনেতা অংশগ্রহণ এবং সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালন করবেন।

৩.৮ অতিগুরুত্বপূর্ণ ও দাপ্তরিক জরুরি প্রয়োজন ব্যতীত ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে নিয়োগকৃত সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্যদের কর্মস্থল পরিবর্তন করা যাবে না।

৩.৯ সমন্বিত হজ চিকিৎসক টিমের কোন সদস্য কাউন্সেলর (হজ) প্রযোজ্যক্ষেত্রে সহকারী মৌসুমী হজ অফিসারের পূর্বানুমোদন ব্যতীত কর্মস্থলের বাইরে যেতে পারবেন না।

৩.১০ প্রত্যেক সদস্যকে সৌদি আরব হতে দেশে প্রত্যাবর্তনের পূর্বে কাউন্সেলর (হজ) এর নিকট হতে দায়িত্ব পালন সংক্রান্ত প্রত্যয়ন গ্রহণপূর্বক তা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। অন্যথায় তিনি ভ্রমণভাতা প্রাপ্য হবেন না।

৩.১১ টিমের সদস্যগণ বিমানের ইকোনোমি ক্লাসে সৌদি আরব গমন ও প্রত্যাগমন করবেন।

৩.১২ টিমের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়া ‘হজ করার নিশ্চয়তা’ প্রদান করে না। টিমের সদস্যদের সৌদি সরকার মিনা ও আরাফাহ ময়দানে হজের জন্য তাঁবু বরাদ্দ করেন না। মিনা ও আরাফাহ ময়দানে দায়িত্ব পালনে নিযুক্ত সদস্যগণ ব্যতীত অন্যদের সেখানে প্রবেশের সুযোগ থাকবে না।

৩.১৩ টিমের সদস্যগণ বিধি মোতাবেক দৈনিক ভাতা প্রাপ্য হবেন। তাই সৌদি আরবে অবস্থানকালে টিমের সদস্যদের খাওয়ার ব্যবস্থা নিজ দায়িত্বে করতে হবে।

৩.১৪ দায়িত্ব পালনকালে টিমের সদস্যগণ নিজ দায়িত্বে নির্ধারিত এপ্রোন বাংলাদেশ থেকে প্রস্তুত করে সঙ্গে নিবেন। এপ্রোনের গায়ে নিজ পদের নামসহ (ডাক্তার/নার্স/ব্রাদার্স/ফার্মাসিস্ট/ল্যাব টেকিনিশিয়ান/ওটি এসিস্ট্যান্ট ইত্যাদি) ‘বাংলাদেশ হজ অফিস মক্কা/মদিনা/জেদ্দা’ কথাটি উল্লেখ থাকতে হবে। প্রত্যেককে সরবরাহকৃত আইডি কার্ড ব্যবহার করতে হবে।

৩.১৫ মক্কা, মদিনা ও জেদ্দায় টিমের সদস্যগণ কাউন্সেলর (হজ) কর্তৃক নির্ধারিত আবাসনে অবস্থান করবেন। এক্ষেত্রে প্রযোজ্য হারে ভাড়া কর্তন করা হবে।

৩.১৬ টিমের সদস্য কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্মীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না।

৩.১৭ মক্কা ও মদিনায় স্থাপিতব্য মেডিকেল সেন্টারের সার্বক্ষণিক পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার লক্ষ্যে কাউন্সেলর (হজ) স্থানীয়ভাবে পরিচ্ছন্নতা কাজে অভ্যস্থ পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ করবেন। নিয়োগকৃত পরিচ্ছন্নতাকর্মীগণ মেডিকেল টিমের দলনেতার অধীনে দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালে পরিচ্ছন্নতাকর্মীগণকে নির্ধারিত পোষাক পরিধান করতে হবে।

৩.১৮ হজ সমন্বিত চিকিৎসক টিমের সকল ক্যাটাগরির কর্মকর্তা/কর্মচারীদের কমপক্ষে ২৫% পূর্বে হজ সমন্বিত চিকিৎসক টিমের সদস্য হিসেবে দায়িত্ব পালন করার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

৩.১৯ হজ সমন্বিত চিকিৎসক টিমের সদস্য নিয়োগ, সৌদি আরবে অবস্থানকাল ও কর্মস্থল নির্ধারণ, পদবী নির্বাচন এবং ভাতার হার নির্ধারণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় চূড়ান্ত ক্ষমতা সংরক্ষণ করে।

**৪.০ বাংলাদেশ পর্বের দায়িত্ব:**

৪.১ সরকারি আদেশ জারির পর নির্ধারিত সময়ের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে রিপোর্ট করতে হবে এবং তথ্য ফরম পূরণ করে দাখিল করতে হবে।

৪.২ টিমের সদস্যদের আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তাদের সরকারি আদেশ বাতিল করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪.৩ টিমের সদস্য পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি, প্রয়োজনীয় টিকা গ্রহণ করে টিকা সনদ, ই-হেলথ সনদের কপি, নিজ অফিস হতে ছাড়পত্রের কপি ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে হজ অনুবিভাগে জমাপ্রদান করতে হবে।

৪.৪ নির্ধারিত তারিখে সৌদি আরব গমনের উদ্দেশ্যে হজ অফিস, ঢাকায় রিপোর্ট করতে হবে।

**৫.০ সৌদি আরবের নির্ধারিত কর্মস্থলে যোগদান:**

৫.১ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে জারিকৃত অফিস আদেশ অনুসারে টিমের সদস্যগণ সৌদি আরবে গমনের পর বাংলাদেশ হজ মিশন, মক্কায় কাউন্সেলর (হজ) এর নিকট যোগদান করবেন।

৫.২ সৌদি আরবের মোবাইল নম্বর যোগদানপত্রে আবশ্যিকভাবে উল্লেখপূর্বক যোগদান করতে হবে।

৫.৩ কাউন্সেলর (হজ)/সহকারী মৌসুমী হজ অফিসার কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অফিস আদেশ অনুসারে দায়িত্ব পালন করতে হবে।

৫.৪ টিমের প্রত্যেক সদস্যকে প্রতিদিন নির্ধারিত হাজিরা সীটে/ডিজিটাল মেশিনে হাজিরা প্রদান করতে হবে।

৫.৫ প্রতিদিন দায়িত্ব পালন শেষে নির্ধারিত রেজিস্টারে দায়িত্ব পালনের সারাংশ লিপিবদ্ধ করবেন। টিমগতভাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে সারাংশে টিমের সকলের নাম উল্লেখ করতে হবে।

৫.৬ নির্ধারিত দায়িত্বের বাইরে কাউন্সেলর (হজ)/সহকারী মৌসুমী হজ অফিসার কর্তৃক প্রদত্ত যে কোন সময় চিকিৎসা সংক্রান্ত যে কোন দায়িত্ব পালন করতে হবে।

**৬.০ মেডিকেল সেন্টার পরিচালনা:**

৬.১ মক্কা ও মদিনায় মেডিকেল সেন্টার স্থাপন এবং জেদ্দায় চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম কাউন্সেলর (হজ)/সহকারী মৌসুমী হজ অফিসারের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

৬.২ হজযাত্রীদের চিকিৎসা সেবায় স্থাপিত মেডিকেল সেন্টার পরিচালনার প্রশাসনিক দায়িত্ব পালন করবেন সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা।

৬.৩ সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা কাউন্সেলর (হজ)/সহকারী মৌসুমী হজ অফিসার এর নিকট থেকে ঔষধ ও চিকিৎসা সামগ্রী গ্রহণ করবেন এবং তা যথাযথভাবে সংরক্ষণ করবেন।

৬.৪ সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা চিকিৎসক, নার্স, ফার্মাসিস্ট এবং ল্যাব টেকিনিসিয়ান/ওটি এ্যাসিস্ট্যান্ট এবং পরিচ্ছন্নতাকর্মীদের রোস্টার ভিত্তিক প্রতিদিনের দায়িত্ব বন্টন ও দায়িত্ব পালন নিশ্চিত করবেন।

৬.৫ সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা সকল সদস্যের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করবেন।

৬.৬ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত আইটি প্রতিষ্ঠান মেডিকেল সেন্টারে কিয়স্ক মেশিন/ডিজিটাল সিস্টেমে স্থাপন ও রক্ষণাবেক্ষণ করবে।

৬.৭ আইটি প্রতিষ্ঠান মেডিকেল সেন্টারে রোগীদের প্রদত্ত ঔষধ ও চিকিৎসার তথ্য ডাটা-বেইজ হিসেবে সংরক্ষণের জন্য সফ্টওয়্যার প্রস্তুত ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন।

**৭.০ মেডিকেল সেন্টারের চিকিৎসা সেবা কার্যক্রম:**

৭.১ চিকিৎসক হজযাত্রীদের চিকিৎসা সেবা, পরামর্শ সেবা এবং প্রয়োজনে ঔষধ প্রেসক্রাইব করবেন। হজযাত্রী, হজ কর্মী ও টিমের সদস্য ব্যতীত কোন ব্যক্তিকে ঔষধ প্রদান করা যাবে না।

৭.২ ঔষধ/চিকিৎসা সামগ্রী প্রদানের ক্ষেত্রে সুবিবেচনা প্রয়োগ করবেন; যাতে ঔষধ/চিকিৎসা সামগ্রীর অপচয় না হয়।

৭.৩ মেডিকেল সেন্টারের নারকোটিক্স জাতীয় ঔষধ ব্যবহারে সতর্কতা অবলম্বন ও রেজিস্টার সংরক্ষণ।

৭.৪ সংক্রামক রোগের চিকিৎসা সংক্রান্ত তথ্য পৃথকভাবে সংরক্ষণ এবং প্রতিবেদন প্রেরণ।

৭.৫ গুরুতর অসুস্থ রোগীদের উন্নত চিকিৎসার জন্য সৌদি আরবের হাসপাতালে প্রেরণ।

৭.৬ সৌদি আরবে মৃত্যুবরণকারী হাজীদের মৃত্যুর সনদ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ।

**৮.০ মিনা, আরাফাহ ও মুযদালিফায় হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদান:**

৮.১ জিলহজ মাসের ৮-১২ তারিখ মিনা, আরাফাহ, মুযদালিফা ও জামারায় হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্যদের জন্য কাউন্সেলর (হজ) প্রয়োজনীয় সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন।

৮.২ মিনা, আরাফাহ ও মুযদালিফায় দায়িত্বপ্রাপ্ত সমন্বিত চিকিৎসক টিমের সদস্যগণ সার্বক্ষণিকভাবে হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করবেন।

**৯.০ হজযাত্রীদের মেডিকেল সেন্টার ব্যবহারে করণীয়:**

৯.১ হজযাত্রীগণ মক্কা, মদিনা ও জেদ্দাস্থ মেডিকেল সেন্টারে নিজস্ব পিআইডি নম্বর/পরিচিতি নম্বর/পাসপোর্ট নম্বর ব্যবহার করে প্রযোজ্যক্ষেত্রে কিয়স্ক মেশিন হতে ট্রিটমেন্ট কার্ড প্রিন্ট করে সুশৃঙ্খলভাবে ডাক্তারের পরামর্শ গ্রহণ করবেন।

৯.২ অপচয় না করে ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ও চিকিৎসা সামগ্রী গ্রহণ করবেন।

৯.৩ চিকিৎসা সেবা গ্রহণের জন্য পূর্বের ব্যবস্থাপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

**১০.০ হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা:**

১০.১ হজযাত্রীদের সৌদি আরব গমনের পূর্বে স্বাস্থ্য সংক্রান্ত নিম্নোক্ত ৭টি পরীক্ষা করতে হবে:

(i) ECG (ii) X-ray Chest (iii) CBC with ESR (iv) Urine (R/M/E) (v) Blood Group

(vi) RBS (vii) Serum Creatinine.

১০.২ (ক) হজযাত্রীকে Covid-19 এর পূর্ণ ডোজ টিকা গ্রহণ করে টিকা সনদ সংগ্রহ করতে হবে।

(খ) Meningitis এবং Influenza টিকা গ্রহণ করতে হবে।

(গ) সৌদি আরবের চাহিদা সাপেক্ষে কলেরা টিকা গ্রহণ করতে হবে।

উপর্যুক্ত টিকা গ্রহণপূর্বক ই-হেলথ সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

**১১.০ টিমের সদস্যদের দায়িত্ব পালন এবং সার্বিক বিষয়ে প্রতিবেদন প্রদান:**

১১.১ সমন্বিত হজ চিকিৎসক টিমের কোন সদস্য যথাসময়ে মেডিকেল সেন্টারে যোগদান না করলে, স্বীয় দায়িত্ব সঠিকভাবে পালন না করলে, বিনা অনুমতিতে হজ পালন করলে, স্পাউজ বা আত্মীয়কে সঙ্গে রাখলে সর্বপরি শৃংঙ্খলা পরিপন্থি কোন কাজ করলে তার বিষয়ে সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা কাউন্সেলর (হজ) এর নিকট লিখিত প্রতিবেদন দিবেন।

১১.২ সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা মেডিকেল সেন্টারের কার্যক্রম এবং টিমের সদস্যদের দায়িত্ব পালনসহ সার্বিক বিষয়ে কাউন্সেলর (হজ) এর নিকট প্রতিবেদন দিবেন।

১১.৩ কাউন্সেলর (হজ) নিজস্ব মতামতসহ প্রাপ্ত প্রতিবেদন সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

**১২.০ ভ্রমণ ভাতার বিল দাখিল:**

দায়িত্ব পালন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তনের পর (ক) কাউন্সেলর (হজ) এর নিকট থেকে দায়িত্ব পালন সংক্রান্ত প্রত্যয়ন (খ) বোর্ডিং পাস এর মূল কপি (গ) পাসপোর্টে গমন ও প্রত্যাগমনের সীলযুক্ত পাতার ফটোকপি (ঘ) পে-ফিক্সেশন ও সর্বশেষ বেতন বিলের কপি (ঙ) ভ্রমণ বিবরণী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় দাখিল করতে হবে।

**১৩.০ সংরক্ষণ ও ব্যবস্থা গ্রহণ:**

১৩.১ টিমের কোন সদস্যের বিরুদ্ধে অনিয়ম, দায়িত্ব অবহেলা বা অসদাচরণের অভিযোগ/প্রতিবেদন পাওয়া গেলে এ বিষয়ে সরকারি চাকরি আইন-২০১৮ প্রযোজ্য হবে।

১৩.২ সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে টিমে অন্তর্ভুক্তিসহ সকল বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

## দ্বিতীয় অধ্যায়

## সমন্বিত মেডিকেল টিমের সদস্যদের প্রশিক্ষণ

মক্কা, মদিনা ও জেদ্দায় হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের উদ্দেশ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ভালভাবে অবহিত করণের লক্ষ্যে প্রত্যেক সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এরূপ প্রশিক্ষণ গ্রহণ টিমের সকল সদস্যের জন্য বাধ্যতামূলক। প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ সদস্যের টিমে অন্তর্ভুক্তির আদেশের সংশ্লিষ্ট অংশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। টিমের সদস্যদের প্রশিক্ষণের মডিউল নিম্নরূপ হবে:

**প্রশিক্ষণ মডিউলের বিষয়সমূহ:**

১। সৌদি আরবের জেদ্দা, মক্কা ও মদিনায় যোগদান এবং অবস্থান সম্পর্কে অবহিতকরণ।

২। মেডিকেল সেন্টারের জন্য ক্রয়কৃত ঔষধ গ্রহণ, বিভাজন-বিন্যাসকরণ এবং যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ ও বিতরণ বিষয়ে ধারণা প্রদান।

৩। অফিস সরঞ্জাম ও চিকিৎসা সামগ্রীর ব্যবহার ও সংরক্ষণ বিষয়ে ধারণা প্রদান।

৪। জনস্বাস্থ্য, মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা ও স্টোরেজ ব্যবস্থাপনা বিষয়ে ধারণা প্রদান।

৫। হজের সফরে সৌদি আরব গমন হতে দেশে প্রত্যাবর্তন পর্যন্ত হজযাত্রীদের সৌদি আরবের আবহাওয়া বিবেচনায় প্রতিপালনীয় স্বাস্থ্য বিধি সম্পর্কে ধারণা প্রদান।

৬। হজযাত্রীদের সাধারণ স্বাস্থ্য সচেতনতা এবং মেডিকেল সেন্টার ব্যবহার বিষয়ে ধারণা প্রদান।

৭। নিয়মিত সেবন করতে হয় এরূপ ঔষধ ও চিকিৎসা সামগ্রী (ব্লাড সুগার টেস্টের স্ট্রিপ, নিডিল, ইনসুলিন, ডায়াবেটিক ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের ঔষধ) অবশ্যই (কমপক্ষে ৪৫ দিনের জন্য) সঙ্গে নিতে হবে। চিকিৎসকের ব্যবস্থাপত্রসহ এরূপ ঔষধ ও চিকিৎসা সামগ্রী বহন করতে হবে মর্মে হজযাত্রীদের ধারণা প্রদান।

৮। গুরুতর অসুস্থ রোগীদের সৌদি হাসপাতালে প্রেরণ এবং চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে ধারণা প্রদান।

৯। হজযাত্রীর মৃত্যুর ক্ষেত্রে করণীয় সম্পর্কে ধারণা প্রদান।

১০। মেডিকেল সেন্টারের কার্যক্রম শুরুর আগে সকল প্রকার ঔষধ ও চিকিৎসা সামগ্রী গ্রহণ, সংরক্ষণ এবং দায়িত্ব পালন শেষে পরবর্তী টিমের নিকট লিখিতভাবে দায়িত্ব হস্তান্তর। সর্বশেষ টিম কর্তৃক উদ্বৃত্ত ঔষধের প্রতিবেদন প্রস্তুতপূর্বক অব্যবহৃত ঔষধ ও চিকিৎসা সামগ্রী তালিকা কাউন্সেলর (হজ)/সহকারী মৌসুমী হজ অফিসার এর নিকট হস্তান্তর সম্পর্কে অবহিতকরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd